

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২২৩

পর্ব-১৩: বিবাহ (১১১। ১১১)

পরিচ্ছেদঃ ৮. দ্বিতীয় অনুচ্ছেদ - ওয়ালীমাহ্ (বৌভাত)

আরবী

وَعَنْ رَجُلٍ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا اجْتَمَعَ الدَّاعِيَانِ فَأَجِبْ أَقْرَبَهُمَا بَابًا وَإِنْ سَبَقَ أَحَدُهُمَا فَأَجِبِ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «إِذَا اجْتَمَعَ الدَّاعِيَانِ فَأَجِبْ أَقْرَبَهُمَا بَابًا وَإِنْ سَبَقَ أَحَدُهُمَا فَأَجِبِ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ وَاهُ أَحْمَدُ وَأَبُو دَاؤُدَ

বাংলা

৩২২৩-[১৪] রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণের মধ্যে এক সাহাবী বর্ণনা করেন। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাকে যখন দু' ব্যক্তি (একই সাথে) দা'ওয়াত দেয়, তখন নিকটবর্তীর দা'ওয়াত গ্রহণ কর। আর উভয়ের মধ্যে তার দা'ওয়াত গ্রহণ কর যে আগে দা'ওয়াত দিয়েছে। (আহমাদ, আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৩৭৫৬, আহমাদ ২৩৪৬৬, ইরওয়া ১৯৫১, য'ঈফ আল জামি' ২৯০। কারণ এর সনদে ইয়াযীদ বিন 'আবদুর রহমান একজন মুদাল্লিস রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বর্ণনাকারী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীদের মধ্য হতে কোনো একজন তার নাম বা পরিচিতি নেই; সাহাবীগণ প্রত্যেকেই যেহেতু ন্যায়পরায়ণ আদেল, সুতরাং তাদের অপরিচিতি কোনো দোষণীয় নয়। অন্য রাবীর কারণে এটি দুর্বল।

মুসলিমদের দা'ওয়াত কবুল করা আবশ্যক, এখন একই সাথে যদি দু'জন মুসলিম দা'ওয়াত প্রদান করে তবে কার দা'ওয়াত কবুল করতে হবে অত্র হাদীসে তার বিধান বিধৃত হয়েছে। এক্ষেত্রে সবচেয়ে নিকটতম প্রতিবেশীর দা'ওয়াত আগে গ্রহণ করতে হবে। আল্লাহ তা'আলার বাণী : "নিকটতম প্রতিবেশী এবং দূরতম প্রতিবেশী "- (সূরা আন্ নিসা 8 : ৩৬)।



দু'জনের একজন যদি দা'ওয়াতে অগ্রণী হয় তবে অগ্রণীর দা'ওয়াত অগ্রণীয়। কারণ তার হক আগে সাব্যস্ত হয়েছে। ('আওনুল মা'বৃদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৭৫২; মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন